

## ঢাবিতে ছাত্রদলের অনির্দিষ্টকালের ধর্মঘট মাঠে নেই, চলছে গুপ্ত নাশকতা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

ক্যাম্পাসে সহাবস্থানের দাবিতে ফেব্রুয়ারি মাসের শুরুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালে ধর্মঘট ডাকে ছাত্রদল। ধর্মঘট সমর্থনে মিটিং-মিছিল ও সমাবেশ না থাকলেও আতঙ্ক সৃষ্টিতে একের পর এক চলছে ধ্বংসাত্মক কর্মকাণ্ড। ক্লাসরুমে পেট্রলবোমা, ককটেল বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের মতো ঘটনাও ঘটছে। প্রতিদিনই ক্যাম্পাসে ককটেল বিস্ফোরণে ছাত্রসহ আহত হচ্ছে অনেকেই। এ ধরনের ঘটনার পরও কড়িকে চিহ্নিত করতে পারছে না প্রশাসন। অনেকটা চাপা আতঙ্ক নিয়েই চলতে হচ্ছে শিক্ষার্থীদের। সম্প্রতি ক্যাম্পাসে নিরাপত্তার জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সংখ্যা বাড়ানো হয়েছে। তবে হামলা ঠেকানো যাচ্ছে না। এমনকি পুলিশের পাশেও ককটেল বিস্ফোরণ ঘটিয়ে

পালিয়ে যাচ্ছে দুর্বৃত্তরা। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের একটি ক্লাসরুমে আগুন লাগিয়ে দেয় দুর্বৃত্তরা। এতে একটি কম্পিউটার ও চেয়ার-টেবিল পুড়ে যায়। বিভাগের কর্মচারীরা জানান, প্রতিদিনের মতো কক্ষটির দরজা খোলা ছিল। কিন্তু হঠাৎ করেই আগুন জ্বলতে দেখা যায়। তাৎক্ষণিকভাবে বিভাগের শিক্ষার্থীদের সহায়তায় ১০-১৫ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। তবে কে বা কারা আগুন লাগিয়েছে তা নির্দিষ্ট করা যায়নি। কক্ষটি পরিদর্শন করেন কলা অনুষদের ডিন অধ্যাপক আখতারুজ্জামান। তিনি বলেন, ঘটনাস্থলে গিয়ে প্রাথমিকভাবে মনে হয়েছে শটসার্কিট থেকে আগুন লাগতে পারে। তবে বিষয়টি খতিয়ে দেখতে বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে। উর্দু বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড.

মো. ইব্রাহিম বলেন, 'আগুনের কথা শুনে নেখানে গিয়ে অতি দ্রুতই নিয়ন্ত্রণে আনতে সক্ষম হই। তদন্ত কমিটি গঠন করে কারা জড়িত সে ব্যাপারে নিশ্চিত হওয়া যাবে। তবে যোহেতু ধর্মঘট চলছে তাই ধর্মঘট আহ্বানকারীরা নাশকতা করতে পারে এমন আশঙ্কা করাই যায়। যেখানে সেখানে ককটেল : গত ১৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কলা ভবন থেকে দুটি তাজা ককটেল উদ্ধার করে পুলিশ। একটি শান্তি ও সংঘর্ষ বিভাগের করিডরের সামনে পড়ে ছিল, আরেকটি সিঁড়ি থেকে উদ্ধার করা হয়। গত ১১ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের দ্বিতীয় তলায়ও একটি তাজা ককটেল পাওয়া যায়। গত ১৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের সোকাররাম হোসেন ভবনের পাশে অবস্থিত বিজ্ঞান লাইব্রেরির টয়লেট

থেকে চারটি তাজা ককটেল উদ্ধার করা হয়েছে। ধর্মঘটে নিজেসই মাঠে নেই : ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনির্দিষ্টকালের ধর্মঘট ডেকে মাঠে নেই ছাত্রদলের নেতারা। কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয়ের অনেক নেতা কারাগারে। অনেকে গ্রেপ্তারের ভয়ে আত্মগোপনে রয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে ধর্মঘটের কথা জানানো হলেও ক্যাম্পাসের আশপাশে তাদের দেখা মেলে না। যদিও মাঝে মাঝে কয়েকজনের ঝটিকা মিছিল দেখা যায়। ছাত্রদলের নেতাদের সঙ্গে কথা বলতে ফোন করা হলে বন্ধ পাওয়া গেছে। সাধারণ শিক্ষার্থীরাও অবশ্য ধর্মঘটে সাড়া দেয়নি। সব বিভাগেই নিয়মিত ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। গুরুত্ব দিকে উপস্থিতি কম থাকলেও এখন বেড়েছে।